

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নিবন্ধন পরিদপ্তর  
হক চেম্বার (৬ষ্ঠ ও ৭ম তলা)  
৩নং ডি,আ,টি, এক্সটেনশন এ্যাভিনিউ  
মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

ঃ-পরিপত্র-ঃ

লক্ষ্য করা যাইতেছে যে, বিভিন্ন জেলায় সাব-রেজিস্ট্রারগণকে জেলা প্রশাসনের মাসিক সমন্বয় কমিটির সভায় অথবা রাজস্ব সম্মেলনে উপস্থিত থাকার জন্য বলা হয়। জেলা পর্যায়ের কর্মকর্তা হিসাবে মূলত সমন্বয় ও রাজস্ব সভায় উপস্থিত থাকা ও যাবতীয় তথ্যাদি সরবরাহ করার দায়িত্ব জেলা রেজিস্ট্রারগণের উপরই অর্পিত। কিন্তু জেলা রেজিস্ট্রারগণ তাহাদের উপর অর্পিত দায়িত্ব পালন না করিয়া নানা কারণ উল্লেখ সমন্বয় ও মাসিক কমিটির সভায় স্বয়ং উপস্থিত না থাকিয়া সাব-রেজিস্ট্রারগণকে দায়িত্ব অর্পণ করিতেছেন। সাব-রেজিস্ট্রারগণকে স্ব-স্ব অফিসের দলিল রেজিস্ট্রি, নকল সরবরাহসহ বিভিন্ন জনগুরুত্বপূর্ণ কাজে সার্বক্ষণিকভাবে দায়িত্বরত থাকিতে হয়। তাহাদের অনুপস্থিতিতে জনগণের ভোগান্তি হয় এবং জনগণ অহেতুক হয়রানির শিকার হয়।

এই অবস্থা নিরসনকল্পে এখন হইতে জেলা রেজিস্ট্রারগণকে এই মর্মে নির্দেশ দেওয়া যাইতেছে যে, তাহারা জেলা প্রশাসনের যাবতীয় সভা ও অনুষ্ঠানে স্বয়ং উপস্থিত থাকিয়া বিভাগের প্রতিনিধিত্ব করিবেন। তাহারা জেলা পর্যায়ের সমন্বয় সভা, রাজস্ব কমিটির সভাসহ যাবতীয় অনুষ্ঠানাদির তারিখ ও সময় পূর্বে অবহিত হইয়া সেমতে তাহাদের ভ্রমণসূচী, তদন্ত কার্যাদি ইত্যাদি নির্ধারণ করিবেন। তাহাদেরকে এই মর্মে আরও অবহিত করা যাইতেছে যে, এখন হইতে তাহারা তাহাদের অফিসে একটি (Movement Register) আগমন নির্গমনের তারিখ ও সময়সহ অবস্থান রেজিস্টার সংরক্ষণ করিবেন। তাহাদের যে কোন গতিবিধির তথ্যাদি উক্ত রেজিস্টারে লিপিবদ্ধ করতঃ রেজিস্টারটি প্রধান সহকারীর নিকট জমা রাখিবেন যাহাতে উর্দ্ধতন কর্তৃপক্ষ কিংবা জেলা প্রশাসন চাহিবা মাত্রই জেলা রেজিস্ট্রার সম্পর্কে যাবতীয় তথ্যাদি সরবরাহ করিতে সক্ষম হন। সুষ্ঠু প্রশাসন এবং অত্র বিভাগের কাজের স্বচ্ছতা এবং দায়িত্বশীলতা যাহাতে প্রশ্নের সম্মুখীন না হয় তজ্জন্য সকল জেলা রেজিস্ট্রারগণকে সচেতন ও তৎপর থাকিতে হইবে। এই পরিপত্রে বর্ণিত আদেশ- উপাদেশাবলীসহ নির্দেশের পরিপন্থী কোন অভিযোগ পাওয়া গেলে ইহা প্রশাসনিক অদক্ষতা হিসাবে গণ্য করতঃ তাহার বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রতিফলন করা হইবে।

জনস্বার্থে এই পরিপত্র জারী করা হইল।

ইহা অনতিবিলম্বে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

স্বাঃ  
(মোঃ মিজানুর রহমান)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ।

স্মারক নং-১৫৩৮৫(১৩২)

তারিখ: ১১-০৯-২০০৩ ইং।

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরণ করা হইল :-

- ১। জেলা রেজিস্ট্রার.....(সকল)।
- ২। সদর সাব-রেজিস্ট্রার .....জেলা।
- ৩। পরিদর্শক, পূর্বাঞ্চল / পশ্চিমাঞ্চল।
- ৪। শাখা প্রধান, অফিস প্রাতিষ্ঠানিক শাখা, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
- ৫। অফিস নথি।

স্বাঃ  
১১/০৯/৯৩  
(প্রভাস রঞ্জন বড়ুয়া)  
সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ।